



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
অডিট ও সমন্বয় শাখা
www.sid.gov.bd



নং- ৫২.০০.০০০০.০১০.১৬.০১১.২১-১৯৭

তারিখঃ ২১ আশ্বিন ১৪২৮
৬ অক্টোবর ২০২১

বিষয়: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় উল্লিখিত “সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা” সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় উল্লিখিত “সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা” সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী এতদসঙ্গে প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ কার্যবিবরণী ০১ (এক) পাতা।

মো: আনোয়ার হোসেন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫০০৭৩৮০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
- ৫। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (বেনবেইজ)।
- ৬। মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৭। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
- ৮। পরিচালক (প্রশাসন), এফএ এন্ড এমআইএস, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা।
- ৯। উপসচিব, এসডিজি সেল/উন্নয়ন-১,২/বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা/প্রশাসন-১,৩ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ১০। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ১১। পরিসংখ্যান কর্মকর্তা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
- ১২। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

অনুলিপি:

- ১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়-কে অবহিতকরণের অনুরোধসহ)।
- ২। যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়)-এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
অডিট ও সমন্বয় শাখা
www.sid.gov.bd

বিষয়: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভার তারিখ	: ২৭/৯/২০২১
সময়	: বিকাল ৩.০০ ঘটিকা
স্থান	: সভাকক্ষ (রুক-এ), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সভাপতি	: জনাব মোছাঃ নূরজাহান খাতুন যুগ্মসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা	: পরিশিষ্ট “ক” সংযুক্ত

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ আনোয়ার হোসেন, সিনিয়র সহকারী সচিব এ বিভাগের ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১.৩ এ উল্লিখিত ‘সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভা’-শীর্ষক কার্যক্রম সম্পর্কে অবহিত করেন এবং তিনি বলেন যে, জবাবদিহিতা, স্বচ্ছতা, তথ্য অধিকার, শুদ্ধাচার, দুর্নীতিমুক্ত পরিবেশ প্রভৃতি সুশাসনের আওতাভুক্ত। এ প্রসঙ্গে সভাপতি বলেন যে, ব্যক্তি ও নাগরিক জীবনে সুশাসনের গুরুত্ব অপরিসীম। তিনি সুশাসন প্রতিষ্ঠার বিষয়ে উপস্থিত সকলের মতামত আহ্বান করেন। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	প্রশাসনিক কাজে স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে বিবিএস-এর কর্মকর্তাদের বদলির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	প্রশাসনিক প্রয়োজনে বিবিএস-এর সদর দপ্তর ও মাঠ পর্যায়ে কর্মকর্তাদের বদলির একটি নীতিমালার খসড়া জরুরি ভিত্তিতে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক, বিবিএস
২	অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) বিষয়ে সভায় আলোচনা হয়।	(১) এ বিভাগের ওয়েব সাইটের GRS সেবা বন্ধ নিয়মিত পরীক্ষা করতে হবে এবং অভিযোগ পাওয়া গেলে তাৎক্ষণিক নিষ্পত্তি করতে হবে। অফলাইনেও অভিযোগ পাওয়া গেলে তা নিষ্পত্তি করতে হবে। (২) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বিবিএস এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে GRS বিষয়ে একটি প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID ও BBS

৩	তথ্য অধিকার আইন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত ফরমে যে কোন নাগরিক আবেদন করলে আবেদনকারীকে যথাযথ তথ্য প্রদান করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা (তথ্য অধিকার), SID
৪	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় উল্লিখিত সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্নের বিষয়ে আলোচনা হয়।	(১) বিবিএস-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ অর্থবছরের ১ম ত্রৈমাসিক প্রতিবেদন আগামী ১০/১০/২০২১ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। (২) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক বিবিএস-এর ত্রৈমাসিক প্রতিবেদনগুলোর উপর নির্ধারিত সময়ের মধ্যে ফিডব্যাক সভা অনুষ্ঠান সম্পন্ন করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা, SID এবং মহাপরিচালক BBS
৫	সরকারি সম্পদ ব্যবহারে মিতব্যয়িতা অবলম্বন বিষয়ক প্রশিক্ষণ আয়োজন।	সরকারি সম্পদ ব্যবহারে মিতব্যয়িতা অবলম্বন বিষয়ক একটি প্রশিক্ষণের আয়োজন করতে হবে।	সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২) SID

২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাঃ নূরজাহান খাতুন ১৩/১০/২০২১
যুগ্মসচিব

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।